\\192.168.14.51\hrmd\SH Dewan\Order\Proggapon-2019.doc

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ০৫ বৈশাখ, ১৪২৬
১৮ এপ্রিল, ২০১৯

## প্রজ্ঞাপন নং-০২/২০১৯

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ২৬.০২.২০১৯ তারিখের ৫৫৬তম সভায় **অবলোপনকৃত (Written off) ঋণ আদায়ের জন্য আর্থিক প্রণোদনা পুরস্কার প্রদান প্রবিধানমালা-২০১৯** অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রবিধানমালাটি কর্পোরেশনের সকল কর্মচারীর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

১৮-৪-১৯

**(রুখসানা ইয়াসমিন)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)
৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা-১০০০।

**বিষয়ঃ অবলোপনকৃত (Written off) ঋণ আদায়ের জন্য আর্থিক প্রণোদনা পুরস্কার প্রদান প্রবিধানমালা-২০১৯।**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্তৃক সেতু ঋণ/ডিবেঞ্চার ঋণ/শেয়ার পুনঃক্রয়/ডিবেঞ্চার ক্রয়/প্রেফারেন্স শেয়ার ক্রয়/ইক্যুইটির বিপরীতে অগ্রিম/লীজ সহায়তা খাতে বিভিন্ন প্রকল্পের অনুকূলে অর্থায়ন করা হয়েছে। অর্থায়নকৃত প্রকল্পসমূহের মধ্যে যে সমস্ত প্রকল্প হতে স্বাভাবিকভাবে ঋণ আদায় করা সম্ভব হয়নি সে সমস্ত প্রকল্পসমূহকে অত্র সংস্থা কর্তৃক মন্দ/কু-ঋণ হিসাবে শ্রেণীকৃত করা হয়েছে এবং ঋণ প্রকল্পসমূহের বিরুদ্ধে মামলা দায়ের করা সত্ত্বেও ঋণ আদায় সম্ভব না হওয়ায় বাংলাদেশ ব্যাংকের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং- ০২, ১৩ জানুয়ারী ২০০৩ এ বর্ণিত নীতিমালা অনুযায়ী এ পর্যন্ত মোট ১০১টি প্রকল্পের ঋণ হিসাব অবলোপন (Written off) করা হয়েছে। ৩০.৬.২০১৮ তারিখ পর্যন্ত অবলোপনকৃত প্রকল্প সংক্রান্ত তথ্যাবলী নিম্নের ছকে সন্নিবেশিত হলো:

| অবলোপনকৃত প্রকল্প সংখ্যা | অবলোপনকৃত অর্থের পরিমাণ (কোটি টাকায়) | নিষ্পত্তিকৃত প্রকল্প সংখ্যা | মোট আদায় (কোটি টাকায়) | মোট সমন্বয় (কোটি টাকায়) | অনিস্পন্ন প্রকল্প সংখ্যা | অনিষ্পন্ন প্রকল্পের অবলোপনকৃত অর্থের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১০১ | ৪৬৩.৮৩ | ৩৩ | ৩৭.৯৮ | ২০০.৭৭ | ৬৮ | ২৬৩.০৬ |

উপরোল্লিখিত ছক হতে দেখা যায় যে, অত্র কর্পোরেশনের উল্লেখযোগ্য পরিমাণ অবলোপনকৃত অর্থ অনাদায়ী অবস্থায় আছে।

অবলোপনকৃত (**Written off**) প্রকল্পসমূহ হতে পাওনা আদায় কার্যক্রম আরও বেগবান ও গতিশীল করার লক্ষ্যে কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দের প্রণোদনা পুরস্কার প্রদানের নিমিত্তে নিম্নোক্ত প্রবিধানমালা প্রণয়ন করা হলোঃ

০১. **পুরস্কারের আওতাঃ**

১.১ অবলোপনকৃত (**Written off**) ঋণ হিসাবের বিপরীতে নগদ আদায়ের উপর পুরস্কার বিবেচনা করা হবে;

১.২. সুদ মওকুফ বা আদালতের বাইরে সমঝোতার মাধ্যমে ঋণ আদায় করা হলেও তার বিপরীতে পুরস্কার দেয়া হবে;

১.৩. অবলোপনকৃত (**Written off**) প্রকল্পের জামানত বিক্রয়লব্ধ/নগদায়নলব্ধ অর্থ পুরস্কারের বিবেচনায় আসবে;

১.৪. অবলোপনকৃত ঋণ আদায়কারী কর্মচারীর পাশাপাশি আদায়কালীন সংশ্লিষ্ট নথি কর্মচারী ও রিকভারী ডিপার্টমেন্ট এর বিভাগীয় প্রধান পুরস্কারের আওতাভুক্ত হবে;

১.৫. হিসাব সমাপনান্তে বার্ষিক ভিত্তিতে যথাযথ নিরীক্ষার পর পুরস্কার প্রদানযোগ্য হবে।

০২. **পুরস্কারের হারঃ**

অবলোপনকৃত প্রকল্প হতে আদায়কৃত অর্থ আদায়কারী কর্মচারী, সংশ্লিস্ট নথি কর্মচারী ও রিকভারী ডিপার্টমেন্ট এর বিভাগীয় প্রধান এর মধ্যে নিম্নের ছক অনুযায়ী বন্টন করা হবে:

| ক্রমিক | বিবরণ | পুরস্কারের হার | পুরস্কারের বিভাজন | | |
|---|---|---|---|---|---|
| | | | আদায়কারী (গন) | নথি কর্মচারী | রিকভারী ডিপার্টমেন্ট এর বিভাগীয় প্রধান |
| ১. | আদায়কৃত অর্থ | ১০% | ৭০% | ২০% | ১০% |

০৩. **পুরস্কার প্রাপ্তির যোগ্যতাঃ**

৩.১. প্রবিধানমালা অনুযায়ী অবলোপনকৃত প্রকল্প হতে ঋণ আদায়কারী কর্পোরেশনের কর্মচারী;

৩.২. একজন কর্মচারী এক বা একাধিক হিসাবের অবলোপনকৃত ঋণ আদায়ের দায়িত্ব গ্রহণ করতে পারবেন। তবে কেবলমাত্র কর্তৃপক্ষের নির্দেশের মাধ্যমে নির্ধারিত হিসাবগুলির ঋণ আদায়ের বিপরীতে পুরস্কার প্রদেয় হবে।

০৪. **পুরস্কার প্রদানের খরচের খাতঃ**

৪.১. নিরীক্ষা ছাড়পত্রের পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রণোদনা পুরস্কারের অর্থ কর্পোরেশনের ব্যবসা উন্নয়ন খাত হতে প্রদান করতে হবে।

০৫. **দাবী পেশঃ**

৫.১. অবলোপনকৃত প্রকল্প হতে ঋণ আদায়ের পর সংশ্লিষ্ট কর্মকর্তা নির্ধারিত ছকে প্রণোদনা পুরস্কারের জন্য উপ-মহাব্যবস্থাপক, ইমপ্লিমেন্টেশন এন্ড রিকভারী ডিভিশন বরাবর আবেদন করবেন;

৫.২. পুরস্কারের দাবী বিবরণী সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/শাখা প্রধান কর্তৃক সঠিকতা যাচাইপূর্বক দাবীর অঙ্ক সঠিকভাবে নির্ধারিত হয়েছে এই মর্মে বিবরণীতে প্রত্যয়ন করতে হবে। এক্ষেত্রে প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদমর্যাদা এবং আইডি নম্বর উল্লেখ করতে হবে। অতঃপর প্রত্যায়িত দাবী বিবরণী উপ-মহাব্যবস্থাপক, ইমপ্লিমেন্টেশন এন্ড রিকভারী ডিভিশন বরাবর প্রেরণ করতে হবে;

৫.৩. সংশ্লিষ্ট বিবরণীসমূহে পরবর্তীতে কোন ভূল তথ্য পরিবেশনের বিষয় উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ছাড়াও প্রত্যয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৪. উৎসাহব্যঞ্জক পুরস্কার দাবীর সঙ্গে সংশ্লিষ্ট সকল নথিপত্র ও কাচা রেজিস্ট্রারে ঋণ আদায়কারী/সংশ্লিষ্ট নথি কর্মকর্তার নামে পৃথক পৃথকভাবে ঋণ গ্রহিতাদের প্রয়োজনীয় তথ্যাদি, আদায়ের পরিমাণ লিপিবদ্ধ করে সহকারী মহাব্যবস্থাপক, রিকভারী ডিপার্টমেন্ট এর পূর্ণ স্বাক্ষরে রিকভারী ডিপার্টমেন্ট-এ সংরক্ষণ করতে হবে;

৫.৫. মঞ্জুরী/অনুমোদনকৃত পুরস্কার আর্থিক বছরান্তে সংশ্লিষ্ট কর্মকর্তাকে একাউন্ট পেইয়ী চেক এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৬. **মঞ্জুরীঃ**

প্রণোদনা পুরস্কারের জন্য আবেদন প্রাপ্তির পর রিকভারী ডিপার্টমেন্ট প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সমীপে অনুমোদনের জন্য পেশ করবে। তবে পুরস্কারের পরিমাণের ভিত্তিতে কর্পোরেশনের পরিচালক পর্ষদ সমীপে স্মারক পেশ করার প্রয়োজনীয়তা দেখা দিলে রিকভারী ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৭. **অবলোপনকৃত প্রকল্প বন্টন প্রক্রিয়াঃ**

অবলোপনকৃত (Written off) প্রকল্পসমূহের সার্বিক অবস্থান অর্থাৎ প্রকল্পের নিকট পাওনার পরিমাণ, বন্ধকীকৃত সম্পত্তির অবস্থান, বর্তমান বাজার মূল্য, মামলার সর্বশেষ অবস্থান ইত্যাদির নিরীখে ভিন্নতা রয়েছে। সার্বিক প্রেক্ষাপট বিবেচনায় কর্তৃপক্ষের সময় সময় নির্দেশানুযায়ী প্রকল্পসমূহ কর্মকর্তাবৃন্দের অনুকূলে বন্টন করা হবে।